# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫৯৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

بَابُ تَعْجِيلِ الصَّلَوَاتِ

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الَّذِي تَفُوتُهُ صَلَاةُ الْعَصْرِ فَكَأَنَّمَا وُتِرَ أَهْلَهُ وَمَالَهُ»

### বাংলা

৫৯৪-[৮] ইবনু ’উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তির ’আসরের সালাত (সালাত/নামায/নামাজ) ছুটে গেল তার গোটা পরিবার ও ধনসম্পদ যেন উজাড় হয়ে গেল। (বুখারী ও মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৫২, মুসলিম ৬২৬, আবূ দাঊদ ৪১৪, নাসায়ী ৫১২, তিরমিযী ১৭৫, আহমাদ ৫৩১৩, সহীহ আল জামি‘ ৫৪৯১, সহীহ আত্ তারগীব ৪৮০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: সূর্য ডোবার মাধ্যমে যে ব্যক্তির ‘আসরের সালাতের সময় চলে যায় অথবা সূর্য হলদে হওয়ার সময়ে চলে আসে তার পরিবার ও ধন-সম্পদ নষ্ট হবার শামিল। মানুষ নিজ পরিবার ও ধন-সম্পদ ধ্বংস হবার ব্যাপারে যেভাবে সতর্ক থাকে ‘আসরের সালাতের ওয়াক্তের ব্যাপারেও যেন সেভাবে সতর্ক থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55151

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন